



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

০৭ জ্যৈষ্ঠ ১৪৩১

তারিখ: \_\_\_\_\_

২১ মে ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ফাইন্যান্স কোম্পানির পরিচালক পর্যদের সহায়ক কমিটি গঠন এবং কার্যপরিধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে ফাইন্যান্স কোম্পানির পরিচালক পর্যদ গঠন, পর্যদ সদস্যদের সমন্বয়ে নির্বাহী কমিটি, নিরীক্ষা কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন এবং তাদের দায়িত্ব-কর্তব্যসহ প্রয়োজ্য অপরাপর বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারিকৃত Corporate Governance Code-২০১৮ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এবং তদপরবর্তীতে জারিকৃত নির্দেশনা পুঁজি বাজারে নিবন্ধিত কোম্পানীসমূহের জন্য অনুসরণীয় হয়ে থাকে। উক্ত Corporate Governance Code এ Nomination and Remuneration Committee (NRC) গঠন ও এর কার্যপরিধির বিষয়ে উল্লেখ রয়েছে। ফাইন্যান্স কোম্পানীসমূহের ক্ষেত্রে উক্ত Corporate Governance Code-২০১৮ এ বর্ণিত NRC সংশ্লিষ্ট কার্যক্রম নিরীক্ষা কমিটি কর্তৃক সম্পাদিত হবে। এক্ষেত্রে নিরীক্ষা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত পরবর্তী পর্যদ সভায় অনুসমর্থন (Ratification) করে নিতে হবে। তবে, ফাইন্যান্স কোম্পানির পরিচালক, স্বতন্ত্র পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা ও তদনিন্ম দু'স্তর পর্যন্ত কর্মকর্তাদের নিযুক্তি/নিয়োগ, দায়িত্ব-কর্তব্য, সম্মানী, প্রয়োজ্য ক্ষেত্রে বেতন-ভাতা, উৎসাহ বোনাস ও অন্যান্য সুবিধা সংশ্লিষ্ট কার্যক্রম ডিএফআইএম সার্কুলার নং-০১, তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪, ডিএফআইএম সার্কুলার নং-০২, তারিখ: ১৩ মার্চ ২০২৪, ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ২৫ মার্চ ২০২৪ এবং এতদ্বিষয়ে পরবর্তীতে জারিতব্য সার্কুলার/সার্কুলার লেটার অনুযায়ী পরিচালিত হবে।
- ৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।